

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬-৫৬

তারিখঃ ২৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ভাংনী আহমদিয়া ফাজিল মাদ্রাসার জনাব আবু ছালেহ মোহাম্মদ জাকারিয়া (ইনডেক্স নং- R2022487) এর প্রথমবার সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্তিতে অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। মাশিঅ এর স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৬৭; তারিখ: ১৬/০৩/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন ভাংনী আহমদিয়া ফাজিল মাদ্রাসার প্রভাষক (আরবি) জনাব আবু ছালেহ মোহাম্মদ জাকারিয়া (ইনডেক্স নং-R2022487) জ্যেষ্ঠতা লঙ্ঘন, তথ্য গোপন এবং কাগজপত্র সৃজন করে আগস্ট/২০২২ মাসে ৬ কোডে ৩৫,৫০০ টাকা বেতন ক্ষেলে সহকারী অধ্যাপক পদে পদোন্নতিপ্রাপ্ত হয়েছেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে জুলাই/২০২৩ মাসে কারণ দর্শানোসহ জ্যেষ্ঠতা লঙ্ঘন, তথ্য গোপন এবং কাগজপত্র সৃজন করে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি বাতিল করে প্রভাষক (আরবি) এবং পূর্বের বেতন কোড ৯ এ অবনমন করা হয় সেইসাথে বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করাসহ অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, জনাব আবু ছালেহ মোহাম্মদ জাকারিয়া (ইনডেক্স নং-R2022487) এর প্রথমবার সহকারী অধ্যাপক পদে বেতন কোড ৯ থেকে পদোন্নতিপ্রাপ্ত ৬ কোডে গ্রহণকৃত অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক অত্র অধিদপ্তরে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। অধ্যক্ষ, ভাংনী আহমদিয়া ফাজিল মাদ্রাসা, মিঠাপুকুর, রংপুর।

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।